

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯৯

আগরতলা, ২১ এপ্রিল, ২০১৭

ছবি নিজেই কথা বলে - মুখ্যমন্ত্রী

চিত্র শিল্পী অবাক চৌধুরীর ‘অঙ্কুর’ শীর্ষক প্রথম চিত্র প্রদর্শনী আজ থেকে সিটি সেন্টারের আর্ট গ্যালারীতে শুরু হয়েছে। এই চিত্র প্রদর্শনীর সূচনা করে মুখ্যমন্ত্রী মানিক সরকার বলেন, প্রতিটি শিশুর মধ্যে তার যে প্রতিভা নানা ভাবে লুক্কায়িত রয়েছে তা আমরা কোন সময় দেখি বা না দেখি সেদিক দিয়ে মা ও বাবাকেই দায়িত্ব সহকারে তার সমস্ত লুক্কায়িত প্রতিভাগুলির বিকাশ ও স্ফুটনে সহায়তা করতে হবে। যাতে করে তারা সমাজে নিজেদেরকে প্রতিষ্ঠিত করে তুলতে পারে। কিন্তু সমস্যা হচ্ছে মা ও বাবারা এটাকে এ ভাবে দেখতে অভ্যস্ত নন। মুখ্যমন্ত্রী শ্রী সরকার বলেন, ছবি নিজেই কথা বলে। সভ্যতার শুরুতে ছবি ও দেহের অঙ্গভঙ্গিমার মধ্য দিয়েই মনের ভাব ব্যক্ত হতো। শিল্পীর মনের ভাবের বহিঃপ্রকাশ হচ্ছে ছবি। ছবি দেখে শিল্পীর মনন চিন্তন আবেগের পরিমাণ মূল্যায়ন করা যায়। তিনি বলেন, অবাক চৌধুরী তার সৃষ্টির মধ্য দিয়ে যে ধরণের উচ্চমানের ছবিগুলি ঐকেছেন তা অতুলনীয় ও প্রশংসনীয়। এজন্য তিনি অবাক চৌধুরী ও তার মা- বাবাকে ধন্যবাদ জানান। তিনি ভবিষ্যতে অবাক চৌধুরীর সাফল্যের কামনা করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের বিশিষ্ট চিত্র শিল্পী স্বপন নন্দী। এছাড়া সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের মহানির্দেশক অখিল কুমার শুরু, হলিক্রস স্কুলের ভাইস প্রিন্সিপাল সোজান অগাষ্টিন, চিত্র শিল্পী অবাক চৌধুরী সহ অনেকে। উদ্বোধনীর শেষে মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ প্রদর্শনী ঘুরে ঘুরে দেখেন। ১৩ বছর বয়সের অবাক চৌধুরীর এই চিত্র প্রদর্শনী আজ থেকে ২৩ এপ্রিল পর্যন্ত প্রত্যহ বিকেল ৪ টা থেকে রাত ৮টা পর্যন্ত সকলের জন্য খোলা থাকবে।
